# আল-বাকারা | Al-Baqara | ٱلْبَقَرَة

আয়াতঃ ২ : ১০০

## আরবি মূল আয়াত:

اَوَ كُلَّمَا عٰهَدُوا عَهدًا نَّبَذَهٗ فَرِيقٌ مِّنهُم ؕ بَل اَكثَرُهُم لَا يُؤمِنُونَ ﴿١٠٠﴾

## অনুবাদসমূহ:

তবে কি যখনই তারা কোন ওয়াদা করেছে, তখনই তাদের মধ্য থেকে কোন এক দল তা ছুড়ে মেরেছে? বরং তাদের অধিকাংশ ঈমান রাখে না। — আল-বায়ান

এটা কি নয় যে তারা যখনই কোন অঙ্গীকার করে, তখনই তাদের কোন না কোন দল সেই অঙ্গীকারকে বর্জন করে? বরং তাদের অধিকাংশই ঈমান রাখে না। — তাইসিরুল

কি আশ্চর্য! যখন তারা কোন অঙ্গীকারে আবদ্ধ হল তখনই তাদের একদল তা ভঙ্গ করল। বরং তাদের অধিকাংশই বিশ্বাস করেনা। — মুজিবুর রহমান

Is it not [true] that every time they took a covenant a party of them threw it away? But, [in fact], most of them do not believe. — Sahih International

১০০. এটা কি নয় যে, তারা যখনই কোন অঙ্গীকার করেছে তখনই তাদের কোন এক দল তা ছুড়ে ফেলেছে? বরং তাদের অধিকাংশই ঈমান আনে না।

-

তাফসীরে জাকারিয়া

১০০। তবে কি যখনই তারা অঙ্গীকারাবদ্ধ হয়েছে, তখনই তাদের কোন একদল সে অঙ্গীকার ভঙ্গ করেছে? বরং তাদের অধিকাংশই বিশ্বাস করে না।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=107

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন